

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো ২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নম্বরঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩. ৮২৭


তারিখঃ ১৪ জুন, ২০২৩

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত সুফলভোগী সদস্যদের জমাকৃত সঞ্চয়ের স্থিতির উপর লভ্যাংশ প্রদানের হার নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা ২য় পর্যায় প্রকল্পের সুফলভোগী সদস্যদের জমাকৃত সঞ্চয়ের স্থিতির উপর প্রতি অর্থ বছরে লভ্যাংশ প্রদানের জন্য যথাক্রমে স্মারক নম্বর-২৩৪ তারিখঃ ২১ মে, ২০১৯, স্মারক নম্বর-২৬২ তারিখঃ ১৯ জুন, ২০১৯ মূলে সঞ্চয় তহবিল বিনিয়োগের বিপরীতে অর্জিত মুনাফা সংরক্ষনের নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক চলতি অর্থ বছরে জমাকৃত সঞ্চয়ের স্থিতির বিপরীতে অর্জিত মুনাফা হতে সুফলভোগী সদস্যদের জমাকৃত সঞ্চয়ের স্থিতির উপর কি হারে লভ্যাংশ প্রদান করা যাবে তা নিম্নোক্ত কমিটির মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের নির্দেশনা রয়েছে।

ক্র.নং	কর্মকর্তার পদবী	কমিটিতে অবস্থান	মন্তব্য
০১	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	সভাপতি	
০২	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/ হিসাব রক্ষক	সদস্য	
০৩	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো)	সদস্য সচিব	

২। এমতাবস্থায়, বর্ণিত কমিটির মাধ্যমে সদস্যদের জমাকৃত সঞ্চয়ের উপর কত শতাংশ হারে লভ্যাংশ প্রদান করা হবে তার সুপারিশ গ্রহণপূর্বক আগামী ২৭/০৬/২০২৩ তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সদস্যদের বিপরীতে প্রদানকৃত লভ্যাংশ জার্নালের মাধ্যমে সমন্বয় করে সফটওয়্যারে পোস্টিং নিশ্চিতপূর্বক ৩০ জুন, ২০২৩ তারিখের মধ্যে month end করতে হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি(প্রকল্পভূক্ত সকল উপজেলা)।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. উপপরিচালক, বিআরডিবি (প্রকল্পভূক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো) বিআরডিবি (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৬. অফিস নথি/ গার্ড ফাইল।